



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/১১৭৪

তারিখঃ ১০/১২/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫০২ তম কমিশন সভা অদ্য ১০/১২/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. CVO Petrochemical Refinery Limited এর সাম্প্রতিক সময়ে শেয়ারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে তদন্ত অনুযায়ী এবং পরবর্তীতে এনফোর্সমেন্ট কার্যক্রম সমাপান্তে আজকের সভায় কমিশন নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- ক) সাম্প্রতিক সময়ে CVO Petrochemical Refinery Limited এর শেয়ারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে ভূমিকা রাখার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e) (v) ভঙ্গ হওয়ায় Bangladesh Development Bank Limited (BDBL) -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;
- খ) Prime Finance Capital Management Limited এবং PFI Securities Ltd., CVO Petrochemical Refinery Limited এর শেয়ার লেনদেনকালে একইসঙ্গে নিজস্ব বিভিন্ন হিসাবে শেয়ার ত্রয় বিক্রয়ের মাধ্যমে Beneficial owner পরিবর্তন ব্যতিরেকে উক্ত শেয়ারের বাজারমূল্য প্রভাবিত করার চেষ্টা করার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e) (iii) এবং Section 17 (e)(v) ভঙ্গ করে। উল্লেখিত আইন ভঙ্গের দায়ে আজকের সভায় কমিশন Prime Finance Capital Management Limited এবং PFI Securities Ltd. -কে যথাক্রমে ৭ (সাত) লক্ষ ও ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে; এবং
- গ) তাছাড়াও ইস্যুয়ার (CVO Petrochemical Refinery Limited) এর সার্বিক বিষয়ে একটি চাটার্ড একাউন্ট্যান্ট ফার্ম দ্বারা বিশেষ নিরীক্ষা (Special Audit) করার সিদ্ধান্তও গৃহীত হয়।

২. মতিন স্পিনিং মিলস লিঃ এর ৩৭ টাকা (২৭ টাকা প্রিমিয়ামসহ) মূল্যমানের ৩,৪১,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১২৬,১৭,০০,০০০ টাকা পুঁজি উত্তোলন করে বিদ্যমান প্রকল্প সমূহ সম্প্রসারণ এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ খাতে ব্যয় করবে। মতিন স্পিনিং মিলস লিঃ এর ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ৩.৪৩ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৩৫.৭৩ টাকা। উল্লেখ্য, আইডিএলসি ইনভেস্টমেন্ট লিমিটেড, মতিন স্পিনিং মিলস লিঃ এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।

৩. সভায় Aramit Cement Limited এর রাইট শেয়ার (১ঃ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি সাধারণ শেয়ারের বিপরিতে ১টি রাইট শেয়ার) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Aramit Cement Limited কে কমিশন ১,৬৯,৪০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ১৫ (৫ টাকা প্রিমিয়ামসহ) মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানীটি ২৫,৪১,০০,০০০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে তা Local spares ও accessories procurement, Civil work, erection ও commissioning এবং ব্যাংক হতে গৃহীত টার্ম লোন ও অন্যান্য দায় পরিশোধের লক্ষ্যে ব্যবহার করবে। এই রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে AAA Consultants & Financial Advisers Ltd.।

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র